

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-৫৬১

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

বিষয়: বিভাগীয়, জেলা ও উপজেলা রাজস্ব সভায় 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র' এবং 'ভূমিসেবায় অভিযোগ ব্যবস্থাপনা' কার্যক্রম নিয়মিত পর্যালোচনা ও তদারকি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনলাইনে ভূমিসেবা গ্রহণে সাধারণ জনগণের সক্ষমতা ও বাস্তব চাহিদা বিবেচনায় নিয়ে ভূমি মন্ত্রণালয় সারাদেশব্যাপী 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র' চালু করেছে। এর মাধ্যমে নির্ধারিত সেবামূল্যের বিনিময়ে জনগণের দোরগোড়ায় স্বচ্ছ, সহজলভ্য, শাস্ত্রীয়, ও জবাবদিহিমূলক ভূমিসেবা নিশ্চিত করা হচ্ছে। এতে অননুমোদিত মধ্যস্থতাকারীর ওপর নির্ভরশীলতা কমছে এবং সাধারণ জনগণ সহজে অনলাইনে আবেদন, সরকারি ফি পরিশোধ করে ভূমিসেবা গ্রহণ করতে পারছেন। মাননীয় প্রধানমন্ত্রী এ কার্যক্রমের সফলতা উল্লেখ করে পর্যায়ক্রমে দেশের প্রতিটি ইউনিয়নে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের পরিকল্পনার কথা ঘোষণা করেছেন।

২। অপরদিকে, 'ভূমিসেবায় অভিযোগ ব্যবস্থাপনা ও কারিগরি সহায়তা সিস্টেম' মাননীয় প্রধানমন্ত্রী সম্প্রতি উদ্বোধন করেছেন। উদ্বোধনের পর থেকে নাগরিকগণ অনলাইন প্র্যাটফর্ম এবং ১৬১২২ কল সেন্টারের মাধ্যমে অভিযোগ দাখিল করছেন। ইতোমধ্যে সাত হাজারের অধিক অভিযোগ দাখিল হয়েছে এবং প্রতিনিয়ত নতুন অভিযোগ যুক্ত হচ্ছে। নাগরিকদের অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা না হলে নাগরিক অসন্তোষ বৃদ্ধি পাওয়ার পাশাপাশি ভূমি মন্ত্রণালয় ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা রয়েছে।

৩। উল্লিখিত বিষয় দুটির গুরুত্ব বিবেচনায় নিয়ে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের মাসিক রাজস্ব সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচ্যসূচিভুক্ত করা প্রয়োজন।

(ক) 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র' সংক্রান্ত বিষয়সমূহ;

- ভূমিসেবা সহায়তা কেন্দ্রের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;
- সেবাগ্রহীতার সংখ্যা, সেবার মান, নির্ধারিত সেবামূল্য অনুসরণ এবং জনসচেতনতা কার্যক্রম মূল্যায়ন;
- কেন্দ্রসমূহের কার্যক্রমে উদ্ভূত সমস্যা চিহ্নিত করে তাৎক্ষণিক সমাধান এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- বিবিধ

(খ) 'ভূমিসেবায় অভিযোগ ব্যবস্থাপনা' সংক্রান্ত বিষয়সমূহ;

- অনলাইন অভিযোগসমূহের নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির অগ্রগতি নিয়মিত পর্যালোচনা;
- অনিষ্পন্ন থাকার কারণ বিশ্লেষণ এবং দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- আপিলকৃত অভিযোগসমূহের আপিল কর্মকর্তার ডেস্ক থেকে নিষ্পত্তি ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- অভিযোগ নিষ্পত্তির গুণগত মান, জবাবদিহিতা এবং নাগরিক সন্তুষ্টি নিশ্চিতকরণ;
- বিবিধ

৪। এমতাবস্থায়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের মাসিক রাজস্ব সভায় উল্লিখিত বিষয়সমূহ নিয়মিত আলোচ্যসূচিভুক্ত করে নিবিড়ভাবে পর্যালোচনার মাধ্যমে ভূমিসেবার গুণগত মান বৃদ্ধি, নাগরিক সন্তুষ্টি নিশ্চিতকরণ এবং স্বচ্ছ, জবাবদিহিমূলক ও অটোমেটেড ভূমি ব্যবস্থাপনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৭/০৭/২০২৬
সাদেকুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৭

ই-মেইল: lsdmc1@minland.gov.bd

১। বিভাগীয় কমিশনার (সকল)

২। জেলা প্রশাসক (সকল) (৩ পার্বত্য জেলা ব্যতীত)

৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (৩ পার্বত্য জেলা ব্যতীত)

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়

২। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়

৪। অফিস কপি।